

# আনন্দবাজার পত্রিকা অনলাইন

১৬ মার্চ ২০২৪

প্রথম পাতা দিল্লিবাড়ির লড়াই কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা

Anandabazar / Education Career / Jadavpur University offering PHD programme in various subjects dgtl

## JU Admission 2024


### একাধিক বিষয়ে পিএইচডি-র সুযোগ দিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়, রইল বিস্তারিত

২০২৪-এর জানুয়ারি সেশনের জন্য ভর্তি নেওয়া হচ্ছে। আবেদনের জন্য সংশ্লিষ্ট বিভাগে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ দু'বছরের স্নাতক যোগ্যতা থাকতে হবে।

ADVERTISEMENT

X





যাদবপুর বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত।

## আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১৬ ফেব্রুয়ারি ২০২৪ ১৬:০৪

Share: [f](#) [↩](#) Save: [🔖](#)

একাধিক বিষয়ে পিএইচডিতে ভর্তির আবেদন গ্রহণ প্রক্রিয়া শুরু করেছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। সেই মর্মে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ২০২৪-এর জানুয়ারি সেশনের জন্য ভর্তি নেওয়া হচ্ছে।

Advertisement

ADVERTISEMENT

×

তুলনামূলক সাহিত্য, অর্থনীতি, ইংরেজি, ইতিহাস, আন্তর্জাতিক সম্পর্ক, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স ও দর্শন বিভাগে যাদবপুর বিশ্ববিদ্যালয় দিচ্ছে পিএচডি করার সুযোগ। আবেদনের জন্য সংশ্লিষ্ট বিভাগে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ দু'বছরের স্নাতকোত্তর যোগ্যতা থাকতে হবে। তুলনামূলক সাহিত্য বিভাগে দু'টি, অর্থনীতিতে ১৪টি, ইংরেজিতে চারটি, ইতিহাসে আটটি, আন্তর্জাতিক সম্পর্কে চারটি, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স বিভাগে চারটি এবং দর্শন বিভাগে ন'টি আসন রয়েছে।

Advertisement

## আরও পড়ুন:



জেইই মেন-এ ৯৯ পারসেন্টাইলের বেশি নম্বর সৌকর্যর বুলিতে, পরের লক্ষ্য জেইই অ্যাডভান্সড



উচ্চ মাধ্যমিকে ভাল ফল করার উপায় বললেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রধানশিক্ষক



নার্সিং নিয়ে পড়েছেন? চাকরির সুযোগ দিচ্ছে কলকাতা পুরসভা

Bandhan Mutual Fund  
Sudheer Raha  
Presents

বাজার বুঝে  
মিউচুয়াল ফান্ড  
বিনিয়োগ করুন

টাকা TALK

শীর্ষেন্দু বসু  
প্রোডাক্ট মেন্টর,  
বন্ধন মিউচুয়াল ফান্ড

সৌম্যজিৎ ঘোষ  
প্রতিষ্ঠাতা, ওয়েলথক্রাফ  
রিট্রিবিউটস গ্রাইকেট টিবিটের

১৮ মার্চ ২০২৪  
দুপুর ১টা থেকে

শৈবাল বিশ্বাস  
প্রতিষ্ঠাতা,  
শিবল বিদ্যালয় অ্যান্ড অ্যাসেসিয়েটস

রেজিস্টার করুন

## আবেদন করবেন কী ভাবে?

প্রথমে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যেতে হবে। 'হোমপেজ' থেকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি দেখতে পাওয়া যাবে। সেখানে দেওয়া তথ্য অনুযায়ী প্রথমে অনলাইনে ৫০০ টাকা জমা দেওয়া দরকার। এর পর টাকা জমা দেওয়ার নথি, আবেদনপত্র এবং প্রয়োজনীয় নথি সঙ্গে নিয়ে বিজ্ঞপ্তিতে দেওয়া ঠিকানায় জমা দিতে হবে। আবেদনমূল্য জমা দেওয়ার শেষ দিন ২৭ ফেব্রুয়ারি। আবেদনপত্র জমা দেওয়া যাবে ২৯ ফেব্রুয়ারি বিকেল ৪টে পর্যন্ত। সংশ্লিষ্ট বিষয়ে এমফিল ডিগ্রি থাকলে বা ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট/ স্টেট এলিজিবিলিটি টেস্ট/ গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট উত্তীর্ণ থাকলে লিখিত পরীক্ষা দিতে হবে না। সে ক্ষেত্রে প্রার্থীরা সরাসরি ইন্টারভিউতে বসতে পারবেন।

এই সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং শর্তাবলি জানতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটটি দেখতে পারেন।

ADVERTISEMENT

X